

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বেলকুচি, সিরাজগঞ্জ  
belkuchi.sirajganj.gov.bd

নম্বর-০৫.৪৩.৮৮১১.০০১.৩৯.০০৯.২৬-৩৪২


তারিখঃ ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

বেলকুচি উপজেলার ০২ নং রাজাপুর ইউনিয়নের দফাদার জনাব সুধন চন্দ্র তরনী দাস, পিতা- গোপাল চন্দ্র দাস, গ্রামঃ মাইঝাইল, বেলকুচি, সিরাজগঞ্জ বিনা অনুমতিতে ৬০(ষাট) দিন বা তদুর্ধ্ব সময় বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ৩(খ) ও (গ) ধারায় অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী হওয়ার অপরাধ করেছেন।

০২। জনাব সুধন চন্দ্র তরনী দাস, পিতা- গোপাল চন্দ্র দাস, গ্রামঃ মাইঝাইল, বেলকুচি, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য প্রমাণিত হওয়ায় এ কার্যালয় হতে ২০/০১/২০২৬ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৮৮১১.০০১.০৫.০১৬.২৫-১১৩ নং স্মারকে রেজিস্ট্রি ডাকে চাকুরী হতে কেন তাকে বরখাস্ত করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭ কার্য দিবসের মধ্যে জবাব দাখিল করতে বলা হয়। কিন্তু তিনি কোন জবাব দাখিল করেন নাই বা স্বয়ং উপস্থিত হন নাই।

০৩। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) ও (গ) ধারায় অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(৩) (ঘ) ধারায় গুরুদণ্ড প্রদান করে বিধি মোতাবেক চাকুরী হতে চূড়ান্তভাবে বরখাস্ত করে এ কার্যালয়ের ২৩/০২/২০২৬ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৮৮১১.০০১.০৫.০১৬.২৫-৩২৯ নং স্মারকে রেজিস্ট্রি ডাকে পত্র প্রেরণ করা হয়েছে। জনাব সুধন চন্দ্র তরনী দাস কে চাকুরী হতে চূড়ান্তভাবে বরখাস্ত করায় রাজাপুর ইউনিয়নের ০২ নং ওয়ার্ডে গ্রাম পুলিশের পদ শূন্য ঘোষণা করা হলো।

  
28.02.26  
(আফরিন জাহান)

উপজেলা নির্বাহী অফিসার  
বেলকুচি, সিরাজগঞ্জ

ফোন নং- ০২৫৮৮৮-৩৪৩২৬

মোবাইল নং- ০১৭৩৩-৩৩৫০৪০


Email: unobelkuchi@mopa.gov.bd

তারিখঃ ২৪/০২/২০২৬ খ্রিঃ

নম্বর-০৫.৪৩.৮৮১১.০০১.৩৯.০০৯.২৬-৩৪২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
- ৩। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ
- ৪। সহকারী প্রোগ্রামার, বেলকুচি, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। প্যানেল চেয়ারম্যান, রাজাপুর ইউনিয়ন, বেলকুচি, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

  
28.02.26

উপজেলা নির্বাহী অফিসার  
বেলকুচি, সিরাজগঞ্জ